

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

আনসার অধিশাখা-১

নং- ৪৪.০৩.০০০০.১১৪.০১.০০১.২০১৪-

তারিখঃ ০৬/১০/২০১৬ খ্রিঃ

প্রতি : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ **Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের জন্য চীন গমনের অনুমতি প্রদান।**

মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ৯ - ১৪ অক্টোবর, ২০১৬ অথবা ভ্রমণের তারিখ হতে ০৬ দিনের জন্য ১০০০ টি বুলেট প্রুফ ভেষ্ট (কম্বাট) এবং ১৫০০ টি বুলেট প্রুফ ভেষ্ট (জলপাই) ক্রয়ের বিষয়ে Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের জন্য ০২ গ্রুপে ('ক' ও 'খ') ০৩ জন করে নিম্নবর্ণিত ০৬ জন কর্মকর্তাকে চীন গমনের অনুমতি জ্ঞাপন করছিঃ

“ক’ গ্রুপ ”

ক্রম	নাম, পদবি ও কর্মস্থল
১)	জনাব কাজী নাজির হোসেন, যুগ্মসচিব(আনসার), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২)	জনাব দিলীপ কুমার বিশ্বাস, উপ-মহাপরিচালক(অপারেশন), আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩)	জনাব মুহম্মদ মেহেদী হাসান, জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নেত্রকোনা।

“খ’ গ্রুপ ”

১)	জনাব মোঃ সামছুল আলম, পরিচালক(প্রশাসন), আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা
২)	জনাব নবকুমার বিশ্বাস, সহকারী পরিচালক(রেকর্ড), আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা
৩)	জনাব মোঃ আবু মনসুর, সহকারী সচিব(আনসার শাখা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

- ক) উক্ত FAT কার্যক্রমে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের যাতায়াত, থাকা-খাওয়া সহ চীনে অবস্থানকালীন যাবতীয় ব্যয়ভার সরবরাহকারী প্রতিষ্ঠান টপ আপ, ৩৪৮/বি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা বাংলাদেশ বহন করবে।
- খ) বিদেশে অবস্থানকাল(যাতায়াতের ট্রানজিট সময় সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- গ) উক্ত কর্মকর্তাগণ বেতন-ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- ঘ) কর্মকর্তাগণ ০৯ অক্টোবর/২০১৬ তারিখ অথবা নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং FAT কার্যক্রম শেষে আগামী ১৪ অক্টোবর/২০১৬ তারিখ অথবা নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তাঁরা বিদেশে অবস্থান করতে পারবেন না।
- ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫(পনের) কার্যদিবসের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার অনুবিভাগে একটি প্রতিবেদন দাখিল করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত

স্বাক্ষরিত/-

(মোঃ আবু মনসুর)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৪৫২১।


তারিখঃ ০৬/১০/২০১৬ খ্রিঃ

নং- ৪৪.০৩.০০০০.১১৪.০১.০০১.২০১৪-

২৬৮/২(৩০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মূদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭। জনাব-----
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।

  
(মোঃ আবু মনসুর)  
সহকারী সচিব।